জেলা পরিষদ কার্যালয়
পটুয়াখালী
**www.zp.patuakhali.gov.bd**

স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০.০২.০২৭.২০২৫-৪০৫ তারিখ: ২৮ /১২/২০২৫ খ্রি.

## -: পুন: নিয়োগ বিজ্ঞপ্তি :-

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা) এর ০২ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখের ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৬.১৫.১৩১ নম্বর স্মারক, ১২ ফেব্রুয়ারী, ২০২৫ তারিখের ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৬.১৫.২০১ নম্বর এবং ১৮ নভেম্বর, ২০২৫ তারিখের ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৬.১৫.২৫০৯ স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদ সমূহ জাতীয় বেতন স্কেল-২০১৫, অনুযায়ী নির্ধারিত বেতন স্কেলে এবং " জেলা পরিষদ চাকুরী বিধিমালা-১৯৯০" এর নিয়োগ বিধি মোতাবেক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পুর্ন অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের বিবরণ নিম্নরুপ:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী হিসাব রক্ষক | ০১ | (১৩ তম গ্রেড) ১১০০০-২৬৫৯০ | সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্যে স্নাতক ডিগ্রী এবং প্রাতিষ্ঠানিক কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২ | নিম্নমান সহকারী-কাম মুদ্রাক্ষরিক | ০১ | (১৬ তম গ্রেড) ৯৩০০-২২৪৯০ | সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলা প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতা থাকতে হবে। |
| ০৩ | গাড়ি চালক | ০১ | (১৬ তম গ্রেড) ৯৩০০-২২৪৯০ | সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে<br>ক) অষ্টম শ্রেণী পাস<br>খ) হালকা যান চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে এবং ইংরেজি ও বাংলা শব্দ পড়ার সাধারণ জ্ঞান থাকতে হবে। |
| ০৪ | বার্তা বাহক | ০১ | (২০ তম গ্রেড) ৮২৫০-২১২৫০ | সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে<br>ক) অষ্টম শ্রেণী পাস।<br>খ) শুদ্ধ ভাষা ব্যবহার জ্ঞান এবং বাইসাইকেল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫ | অফিস সহায়ক | ০৩ | (২০ তম গ্রেড) ৮২৫০-২১২৫০ | সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে<br>ক) অষ্টম শ্রেণী পাস।<br>খ) শুদ্ধ ভাষা ব্যবহার জ্ঞান থাকতে হবে। |

১। এ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০.০১.০৩৭.২১-১৩৯ তারিখ: ২১.০৫.২০২৩ খ্রি.মূলে জারীকৃত বিজ্ঞপ্তি এবং স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০.০২.০২৭.২৫-৯১, তারিখ ঃ ১০/০৩/২০২৫ খ্রি. মূলে জারিকৃত বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী ইতোমধ্যে আবেদন করেছেন, সে সকল প্রার্থীকে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

২। খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ পূর্বক, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ পটুয়াখালী বরাবরে আবেদন আগামী ১১-০১-২০২৬ খ্রি.তারিখ অফিস চলাকালীন সময় (বিকাল ৫.০০ ঘটিকার )মধ্যে অবশ্যই সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩। আবেদনের জন্য প্রয়োজনীয় তথ্যাদি, শর্তাবলী, জেলা পরিষদের ওয়েবসাইট (**www.zp.patuakhali.gov.bd)** থেকে সংগ্রহ করে যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত শর্তাবলী যথাযথ ভাবে অনুসরণ করা না হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

(মো: কামরুল হাসান সোহেল)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, পটুয়াখালী।
টেলিফোন নং-০২৪৭৮৮০৯২৭ (অ:)

স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০.০২.০২৭.২০২৫-৪০৫(১০)　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ: ২৮/১২/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

০৩। পরিচালক, স্থানীয় সরকার,বরিশাল বিভাগ বরিশাল।

০৪। জেলা প্রশাসক, পটুয়াখালী।

০৫। প্রশাসক, জেলা পরিষদ, পটুয়াখালী।

০৬। পুলিশ সুপার, পটুয়াখালী।

০৭। সিভিল সার্জন, পটুয়াখালী।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, ............................................... (সকল) জেলা-পটুয়াখালী।

০৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।

০৯। সম্পাদক, দৈনিক ................................................. বিজ্ঞপ্তিটি আগামী --------------- তারিখের মধ্যে স্বল্প পরিসরে একবার তার পত্রিকায় ছাপানোর জন্য অনুরোধ করা হলো।

১০। অফিস কপি।

(মো: কামরুল হাসান সোহেল)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, পটুয়াখালী।
টেলিফোন নং-০২৪৭৮৮৮০৯২৭ (অ:)

-: শর্তাবলী :-

০১। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

০২। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদ, পটুয়াখালীর ওয়েবসাইট (**www.zp.patuakhali.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের** ওয়েবসাইট (**www.mopa.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।**

০৩। আবেদনকারীর বয়স ১১-০১-২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের দরখাস্তের সাথে অবশ্যই প্রমাণক স্বরূপ পিতা/ মাতার মুক্তিযোদ্ধা সনদের কপি (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ) সংযুক্ত করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। গাড়ি চালক এর ক্ষেত্রে বিআরটিএ থেকে সরবরাহকৃত ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র ও ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

(ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ)স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) ১১-০১-২০২৬খ্রি. তারিখে বয়স (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) উপজাতি/মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য কিনা লিখতে হবে (ঠ) শিক্ষাগত যোগ্যতা (ড) পে-অর্ডার, ব্যাংক ড্রাফট নম্বর উল্লেখ করতে হবে।

০৬। প্রথম শ্রেণীর গেজেটেট কর্মকর্তা কর্তৃক নিম্নোক্ত কাগজপত্র/সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে দাখিল করতে হবে;

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত অনুলিপি

(খ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি সত্যায়িত

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ পৌরসভা/সিটি কর্পোরেশনের প্রশাসক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

(ঘ) প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, পটুয়ালীর অনুকূলে ক্রমিক নং-০১ ও ০২ এর পদের বিপরীতে ২০০/- টাকা এবং ক্রমিক নং-০৩ থেকে ০৫ পর্যন্ত পদের বিপরীতে ১০০/- টাকা হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে ১০/- টাকার ডাক টিকেটসহ আবেদনকারীর নাম, ঠিকানা সম্বলিত ১০.৫x৫" আকারের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৭। একই ব্যক্তি একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

০৮। সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে।

০৯। অসম্পুর্ণ, ত্রুটিপূর্ণ, বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গন্য হবে।

১০। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। চাকরির শর্তাবলী, বেতন-ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, ২০০০ এবং জেলা পরিষদ চাকুরি বিধিমালা-১৯৯০ এবং সরকার কর্তৃক জারীকৃত এতদ্বসংক্রান্ত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদপত্রের মূল কপি (যে সকল কপি আবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে) প্রদর্শন করতে হবে।

১৩। প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। প্রাপ্ত আবেদন সমূহ এ সংক্রান্ত বাছাই কমিটি কর্তৃক সঠিক বিবেচিত প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হবে।

১৫। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং যে কোন পর্যায়ে এক বা একাধিক বা সকল পদের নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। বেতন স্কেল নির্ধারণের ক্ষেত্রে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা পরবর্তীতে সংশোধন করার সুযোগ থাকবে।

১৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ কামরুল হাসান সোহেল)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, পটুয়াখালী।
টেলিফোন নং-০২৪৭৮৮৮০৯২৭ (অঃ)